240235 - শাশুড়ির খরচ দেয়ার জন্য স্বামীকে কি বাধ্য করা যাবে?

প্রশ্ন

আমাকে কিছু পকেটে খরচ দেয়া কি আমার স্বামীর উপর অপরিহার্য; যাতে করে আমি কিছু অর্থ সঞ্চয় করতে পারি। যেহেতু আমার স্বামী আমাকে বাসার বাইরে চাকুরী করতে দেন না। ফলে আমি আমার বিধবা মাকে সাহায্য করার কোন সুযোগ পাই না; কারণ আমার কোন সঞ্চয় নেই।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

শাশুড়ীর খরচ চালানো স্বামীর উপর আবশ্যক নয়। বরং নিজের স্ত্রী ও পরিবারের সদস্যদের স্বাভাবিক খরচ চালানো স্বামীর উপর আবশ্যক। তবে, স্বামীর উচিত স্ত্রীর পরিবারকে সম্মান করা। তারা দরিদ্র হলে তাদেরকে সাহায্য করা; এমনকি সেটা নিজের যাকাত ও সদকা থেকে হলেও। এ বিষয়টি আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠে যদি শাশুড়ীর খরচ চালানোর মত কেউ না থাকে।

স্ত্রী যদি জানেন যে, তার মায়ের জন্য খাবারদাবার বা এ জাতীয় কিছু পাঠালে তার স্বামীর মন খারাপ হবে না; যেসব ক্ষেত্রে স্বভাবত মানুষ সহজভাবে দেখে থাকে তাহলে এমন কিছু স্বামীর স্পষ্ট অনুমতি ছাড়া স্ত্রী তার মায়ের জন্য পাঠাতে পারেন। যেহেতু স্ত্রীর প্রবল ধারণা হয় যে, স্বামী এতে সায় দিবে, আপত্তি করবে না। এতে করে তারা দুইজনেই সওয়াব পাবে।

আয়েশা (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যদি কোন স্ত্রী ক্ষতি না করে বাড়ীর খাবার থেকে দান করে তাহলে সে তার দানের সওয়াব পাবে এবং তার স্বামী এ খাবার উপার্জনের কারণে সওয়াব পাবে। আর সঞ্চয়কারীও সওয়াব পাবে। এদের কেউ অন্যে সওয়াবে কমতি করবে না।”[সহিহ বুখারী ও সহিহ মুসলিম]

আল্লাহই ভাল জানেন।